

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১.১৭-৩৬০


তারিখঃ ২৯/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কাজের যোগ্যতার ক্ষেত্রে 'জি.কে.বি এন্ড কোম্পানী প্রাইভেট লিমিটেড, কর্তৃক তার পূর্ব নামীয় প্রতিষ্ঠান 'মেসার্স জি কে বিল্ডার্স' এর দাখিলকৃত অভিজ্ঞতা সনদ গ্রহণযোগ্য কিনা এ বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাঃ স্মাঃ (ইএসবি)/৩৬৩(০৩)/১৭; তারিখঃ ০৮/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান (Sole Proprietorship) এবং আইনের দ্বারা প্রতিষ্ঠিত প্রাইভেট লিঃ কোম্পানী আলাদা দু'টি সত্ত্বা। বিবেচ্য পত্র পর্যালোচনায় দেখা যায় যে, মেসার্স জি.কে বিল্ডার্স (TIN-663321529566) এবং নতুন গঠিত প্রাইভেট লিঃ কোম্পানীর TIN Certificate (TIN-378070163245) আলাদা যা পৃথক পৃথক সত্ত্বা নির্দেশ করে। বিবেচ্য ক্ষেত্রে দরপত্রে Prime Contractor অথবা Sub-contractor অথবা Management Contractor হিসেবে কমপক্ষে ১০ (দশ) বছরের সাধারণ যোগ্যতা চাওয়া হয়েছে। জি.কে.বি এন্ড কোম্পানী প্রাঃ লিঃ নামীয় প্রতিষ্ঠানটি একটি নতুন প্রতিষ্ঠান যা আগষ্ট ২০১৬ ইং তারিখে নিবন্ধিত হয়। উক্ত কোম্পানীর কোন কাজের অভিজ্ঞতা নির্ণয়ে অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতা একত্রিত করা এ ক্ষেত্রে বিধিসম্মত হবে না। এ বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ৪৯ বিধিটি বিশেষভাবে প্রণিধানযোগ্য।

উপ প্রকল্প পরিচালক  
বাংলাদেশ স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দী ভবন নির্মাণ প্রকল্প  
বাংলাদেশ স্কাউট  
জাতীয় সদর দপ্তর, জাতীয় স্কাউট ভবন  
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক  
কাকরাইল, ঢাকা-১০০০।

  
২৯/০৮/১৭  
(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপ-পরিচালক  
ফোন- ৯১৪৪২৫২-৩/১০৩

#### সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- (১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (৩) অফিস কপি।